গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৩২

**শুধু নিপীড়িত মানুষের জন্য নয়, সমবায় সবার জন্য**
**- বিভাগীয় কমিশনার**

রাজশাহী, ১৬ কার্তিক (০১ নভেম্বর) :

বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ বলেছেন, সমবায় মানে আমরা সবাই মিলে একটি কাজ করবো এক সাথে। তাই শুধু নিপীড়িত মানুষের জন্য নয়, সমবায় সবার জন্য।

আজ শনিবার (০১ নভেম্বর) সকালে রাজশাহী জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে ৫৪তম জাতীয় সমবায় দিবস-২০২৫ উপলক্ষ্যে সমবায় দপ্তর আয়োজিত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ মন্তব্য করেন।

বিভাগীয় কমিশনার বলেন, সমবায়ে আমরা কয়েকজন মিলে ক্ষুদ্র ক্ষুদ্র শেয়ারকে বড়ো শেয়ারে রূপান্তর করবো। একটা ভালো কাজ করবো স্বাধীনভাবে। প্রয়োজনে আমরা তথ্য শেয়ার করব, ট্রেনিং করব। সমবায়ের যে সাতটা মূলনীতি আছে সেগুলোসহ কমিউনিটিকে বিবেচনায় রেখে এমনভাবে কাজ করবো যেন জাতি- প্রতিবেশী- এলাকাবাসীসহ সবাইকে নিয়েই উন্নতি করতে পারি।

সমবায়ীদের ঋণের ঝামেলায় না যাওয়ার পারমর্শ দিয়ে আজিম আহমেদ তাদের উদ্দেশে বলেন, সবার সম্মিলিত পুঁজি একত্রিত করে সঠিক, ভালো এবং প্রগতিশীল ব্যাবসা করেন। ব্যাবসার নিয়ম-কানুনের মধ্যে সরকারকে ট্যাক্স দিতে হবে। ট্যাক্স ফাঁকি দিলে ওই কোম্পানি কিন্তু ধীরে ধীরে চুপসে যাবে।

এসময় তিনি অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে আর্থিক সঙ্গতিগুলোকে একত্রিত করে আরও উন্নয়নমূলক কাজে এগিয়ে নিতে এবং সমবায় সমিতির মধ্যে স্বচ্ছতা নিশ্চিত করতে সমবায়ীদের প্রতি আহবান জানান।

রাজশাহী বিভাগীয় সমবায় দপ্তরের যুগ্ম নিবন্ধক মো. মোখলেছুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান, পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, জেলা প্রশাসক আফিয়া আখতার প্রমুখ বক্তৃতা করেন। এসময় অন্যান্যের মধ্যে বিভিন্ন সরকারি- বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, সমবায়ী এবং গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে জেলা শিল্পকলা একাডেমি চত্বর হতে দিবসটি উপলক্ষ্যে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। সমবায় দিবসের এবারের প্রতিপাদ্য- 'সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায়'।

অনুষ্ঠান শেষে সঞ্চয় ও ঋণদান, কৃষি এবং মহিলা সমবায় সমিতি এই তিন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ সমবায় সমিতি প্রধানদের হাতে ক্রেস্ট ও সনদ তুলে দেওয়া হয়।

.......................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৩.৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd